স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬

সেমেস্টার: ৪ কোর্স: ১

বিশেষপত্র: রবীন্দ্রসাহিত্য (রবীন্দ্রসমালোচনার ধারা)

সময়: ৩ ঘন্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক- ১

১. ১৯১৩ পর্যন্ত রবীন্দ্রকথাসাহিত্যের সমালোচনা সম্পর্কে একটি নিবন্ধ লেখো। ১০

২. *কড়ি ও কোমল* – প্রকাশের আগে রবীন্দ্রনাথের কবিতা সম্পর্কে বিদূষণের উদাহরণ তেমন পাওয়া যায় না। বিষয়টি আলোচনা করো। ১০

৩. *আনন্দবিদায়* নাটকে দ্বিজেন্দ্রলাল কীভাবে সুরুচির সীমা অতিক্রম করে গেছেন আলোচনা করো। দ্বিজেন্দ্রলালের এই আচরণের কারণ তুমি কীভাবে বিশ্লেষণ করবে? ৫+৫= ১০

একক- ২

৪. রবীন্দ্রনাথ রচিত বিভিন্ন বইয়ের ভূমিকা কীভাবে রবীন্দ্র কাব্য-সমালোচনার অপরিহার্য উপাদান হয়ে উঠেছে দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

৫. রবীন্দ্রনাথের নোবেলপ্রাপ্তির পর 'গীতাঞ্জলি' কাব্য নিয়ে বরাক উপত্যকায় যে বিতর্ক হয়েছিল, তার পরিচয় দাও। ১০

৬. 'রবীন্দ্র পরিচয় সভা'র পরিচয় দাও। রবীন্দ্র সমালোচনার বিকাশে এই সভার গুরুত্ব আলোচনা করো। ৩+৭=১০

একক- ৩

৭. রবীন্দ্র গদ্যসাহিত্যের সমালোচনায় বুদ্ধদেব বসুর গুরুত্ব আলোচনা করো। ১০

৮. ভবানী সেন-এর ১৯৪৮ সালের রবীন্দ্র-সমালোচনা মার্কসবাদীসাহিত্য সমালোচনার নিক্তিতে কতদূর সঙ্গত বলে তুমি মনে করো। ১০

৯. বাংলা বিদ্যায়তনিক সাহিত্য সমালোচনায় *রবীন্দ্র প্রতিভার পরিচয়* বইটির গুরুত্ব পর্যালোচনা করো। ১০

১০. যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ৫ ×২=১০

ক) প্রথম রবীন্দ্রকাব্যগ্রন্থের আলোচনা কে কোন পত্রিকায় করেন?

খ) সুরেশচন্দ্র সমাজপতি ব্যঙ্গ করেছেন এমন দু'টি রবীন্দ্রসংগীতের প্রথম পঙক্তি লেখো।

গ) বাণীবিনোদ বন্দ্যোপাধ্যায় কে? তাঁর লেখা সমালোচনামূলক নিবন্ধটি কী?

ঘ) প্রমথনাথ বিশী *রবীন্দ্রকাব্য প্রবাহ* বইয়ে কোন দুটি বিষয়কে রবীন্দ্রকাব্যে দোষ হিসেবে চিহ্নিত করেছেন?

ঙ) *কবিতা*-রবীন্দ্র সংখ্যা ও রবীন্দ্র-স্মৃতি *পূর্ব্বাশা*র সম্পাদক কে ছিলেন?

চ) রবীন্দ্র জন্মশতবর্ষে সুধীন্দ্রনাথ দত্তের লেখা রবীন্দ্রবিষয়ক রচনাটির নাম কী? এটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?

**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬**

**বাংলা**

**সেমেস্টার: ৪ কোর্স: ২**

**বিশেষপত্র: রবীন্দ্রনাথ (রবীন্দ্রচিন্তাজগৎ)**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের দাও

একক-১

১। রবীন্দ্রনাথের আজীবনের ধর্মচিন্তার বিবর্তনের একটি সংক্ষিপ্ত রূপরেখা উপস্থাপন করো। ১০

২। 'শান্তিনিকেতন' গ্রন্থের অন্তর্গত ভাষণগুলির বিষয়গত ও স্বরভঙ্গিগত স্বাতন্ত্র্য আলোচনা করো। ১০

৩। "সকল মানুষেরই 'আমার ধর্ম' বলে একটা বিশেষ জিনিস আছে।" —রবীন্দ্রনাথের 'আত্মপরিচয়' গ্রন্থে উল্লিখিত এই 'আমার ধর্ম'-এর উপর আলোকপাত করো। ১০

একক-২

৪। "একথা আমাদের বুঝিতে হইবে, আমাদের দেশে সমাজ সকলের বড়ো।" 'ভারতবর্ষীয় সমাজ' প্রবন্ধ অবলম্বন করে রবীন্দ্রনাথের এই বক্তব্য ব্যাখ্যা করো, এবং এ-বিষয়ে তোমার নিজস্ব অভিমত দাও। ১০

৫। সমবায় ব্যবস্থার মাধ্যমে রবীন্দ্রনাথ পল্লি-উন্নয়ন ও পল্লি-পুনর্গঠনের কাজকে বাস্তবায়িত করতে চেয়েছিলেন। 'পল্লীপ্রকৃতি' ও 'সমবায়নীতি' গ্রন্থের পাঠ্য প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

৬। রবীন্দ্রনাথের 'রাশিয়ার চিঠি' কেবল একটি ভ্রমণবৃত্তান্ত নয়, বরং আধুনিক সভ্যতা ও সমাজ-পরিবর্তন সম্পর্কে তাঁর চিন্তার এক গুরুত্বপূর্ণ দলিল।— আলোচনা করো। ১০

একক-৩

৭। বাংলা ভাষাতত্ত্ব চিন্তার ক্ষেত্রে রবীন্দ্রনাথের কোন কোন প্রেরণা নেপথ্যে কাজ করেছিল বলে তোমার মনে হয়? ১০

৮। 'বাংলা শব্দতত্ত্ব' ও 'বাংলাভাষা-পরিচয়' গ্রন্থদুটিতে রবীন্দ্রনাথের বাংলা ধ্বনিতত্ত্ব চিন্তার যে একটি সুস্পষ্ট রূপরেখা পাওয়া যায় তা আলোচনা করো। ১০

৯। রবীন্দ্রনাথ ছন্দের শোষণশক্তি বলতে কী বুঝিয়েছেন, প্রাসঙ্গিক উদাহরণসহ আলোচনা করো। ১০

১০। **যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:** ৫X২=১০

(ক) রবীন্দ্রনাথ তাঁর ধর্মচিন্তা বিষয়ে অন্ধ্র বিশ্ববিদ্যালয়ে যে বক্তৃতাটি করেন তার গ্রন্থিত রূপের নাম কী? বক্তৃতাটি কোন সালে অনুষ্ঠিত হয়েছিল?

(খ) 'মানুষের ধর্ম' আর 'দ্য রিলিজিয়ন অফ ম্যান' গ্রন্থদুটির দুটি পার্থক্য নির্দেশ করো।

(গ) সোভিয়েত ভ্রমণে রবীন্দ্রনাথের সঙ্গে ছিলেন এমন একজন ভারতীয় ও মার্কিন সঙ্গীর নাম লেখো।

(ঘ) 'আমাদের সমাজপতি চাই। তাঁহার সঙ্গে তাঁহার পার্ষদসভা থাকিবে, কিন্তু তিনি প্রত্যক্ষ ভাবে আমাদের অধিপতি হইবেন।'— রবীন্দ্রনাথের কোন গ্রন্থের কোন প্রবন্ধ থেকে উদ্ধৃতিটি নেওয়া হয়েছে?

(ঙ) 'ছন্দ' গ্রন্থটির ভূমিকায় রবীন্দ্রনাথ যে দু'জন ছান্দসিকের নাম উল্লেখ করেছেন, তাঁরা কে কে?

(চ) 'বাংলা শব্দতত্ত্ব' গ্রন্থটি প্রথম কী নামে, কত সালে প্রকাশিত হয়?

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬

বাংলা

সেমেস্টার: ৪ কোর্স: ৩

বিশেষ পত্র: রবীন্দ্রনাথ (নির্বাচিত টেক্সট)

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১. কড়ি ও কোমল শব্দ দুটির মধ্যে রবীন্দ্রনাথ ঠিক কী বোঝাতে চাইছেন। নামকরণের মধ্যে কাব্যটির মূল বৈশিষ্ট্য কীভাবে ধরা পড়েছে বিশ্লেষণ করো। ১০

২. 'গীতবিতান'-এর যে কোনো পর্যায় থেকে ৪টি গান বেছে নিয়ে বিস্তারে আলোচনা করো। ১০

৩. শেষসপ্তক' কাব্যের প্রেমের কবিতাগুলি একই সঙ্গে সহজ, নির্ভার। সেখানে বিরহের ভিতর পূর্ণতা। বিচ্ছেদের ভিতরে তার সৌন্দর্য। পাঠ্য কবিতা অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ১০

একক-২

৪. 'এবারকার বসন্ত-উৎসবটা নানা ক্ষেত্রে নানারকম হয়ে গেল'— সংলাপটির সূত্রে 'রাজা' নাটকে বসন্তের তাৎপর্য সম্পর্কে আলোচনা করো। ১০

৫. যে সুদর্শনা বলেছিল, 'তুমি যে কালো, কালো— তোমাকে আমার কখনো ভালো লাগবে না'; নাটকের শেষে সেই সুদর্শনারই সংলাপ, 'তুমি সুন্দর নও প্রভু, সুন্দর নও, তুমি অনুপম'— সুদর্শনার দৃষ্টিকোণের এই বদল 'রাজা' নাটক অবলম্বনে বিশ্লেষণ করো। ১০

৬. 'রাজা' নাটকে আলো-অন্ধকারের দ্বন্দ্ব কীভাবে প্রতিফলিত হয়েছে লেখো। ১০

একক-৩

৭."আমার সঙ্গে দামিনীর বিবাহ হইয়াছে - এই বিবাহের রহস্য কী তা সকলে বুঝিবে না, বোঝার প্রয়োজনও নাই" — দামিনী অধ্যায়ের পরিশিষ্টে একথা বলার পরেও শ্রীবিলাস তার দাম্পত্যের বর্ণনা দিচ্ছে উপন্যাসের শেষ পরিচ্ছেদে। এই বিবাহ এবং তৎপরবর্তী দাম্পত্যের পর্যালোচনা করো। ১০

৮."আমি বলিতেছি শচীশ কেবল শোভাই দেখিল, দামিনীকে দেখিল না।"— শ্রীবিলাসের এই উক্তির নিরিখে দামিনীকে নিয়ে শচীশের সংকটের ব্যাখ্যা করো। ১০

৯. রাজহাটে ফলের বাজারে লোকসান বন্ধ করার জন্য যে পদ্ধতিতে পাখিকে শিক্ষা দেওয়া হয়েছিল সেই পদ্ধতিতন্ত্রে কাদের কীভাবে লাভ হয়েছিল বলে তুমি মনে করো 'তোতাকাহিনী'-র সূত্রে তার পরিচয় দাও। ১০

**১০. যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও** ৫×২=১০

ক) রবীন্দ্রনাথের প্রথম গীতসংকলন গ্রন্থটির নাম লেখো। এই বইটির প্রকাশক কে ছিলেন?

খ)'রাজা' নাটকে রাজা ও রাজবেশী সুবর্ণ-র ধ্বজাচিহ্ন যথাক্রমে কী কী?

গ)'আমি কেবল খাঁচায়-পোরা বুনো জন্তুর মতো কেবল গর্জে বেড়াতুম এবং সবাইকে আঁচড়ে কামড়ে ছিঁড়ে ফেলতে ইচ্ছে করত'— সংলাপটি কে কাকে বলেছে?

ঘ) পত্রিকা প্রকাশের সময় 'চতুরঙ্গ' উপন্যাসের নাম কী ছিল?

ঙ) 'যৌবনকালে যখন তাঁর স্ত্রী মারা যান তার পূর্বেই তিনি ম্যাল্‌থস পড়িয়াছিলেন; আর বিবাহ করেন নাই।'

ম্যাল্‌থস পড়ার সঙ্গে দ্বিতীয়বার বিবাহ না করার সম্পর্কটা সংক্ষেপে লেখো।

চ)'মৃত্যু যে আমার অন্তরঙ্গ,'— 'শেষসপ্তক' কাব্যের কত সংখ্যক কবিতা এটি? মৃত্যুকে কবি 'অন্তরঙ্গ' বলেছেন কেন?